ভোরের কাগজ

JAN. 22 2001

তারিখ ............
পৃষ্ঠা ৭ .. ২ কলাম ... ৬ ....

নেয়।

# বেসরকারি স্কুল রেজিস্ট্রেশন সংশোধনী বিল পাস

কাগজ প্রতিবেদক : বেসরকারি স্কুলগুলোর কার্যক্রম তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণের জন্য গতকাল রোববার জাতীয় সংসদে বেসরকারি স্কুল রেজিস্ট্রেশন সংশোধনী বিল পাস হয়েছে। এ সংক্রান্ত প্রচলিত আইনের যুগোপযোগীকরণ এবং বিদেশী সার্টিফিকেট প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে বেসরকারি স্কুলের সংজ্ঞায় অন্তর্ভুক্ত করার উদ্দেশ্যে বিলটি পাস করা হয়।

শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক গতকাল বিলটি উত্থাপন করলে সর্বসম্মতিক্রমে তা পাস হয়। এ বিলে আইন লঙ্ঘন করার জরিমানা বাড়িয়ে ১ হাজার টাকার পরিবর্তে ১০ হাজার টাকা করা হয়েছে। বেসরকারি স্কুল প্রতিষ্ঠায় রেজিস্ট্রেশন প্রদানের সময়সীমা বৃদ্ধি করে ২ মাসের পরিবর্তে ৩ মাস করা হয়েছে। অবকাঠামোগত এবং আনুষ্ঠানিক সুযোগসুবিধা সৃষ্টি না করে শুধুমাত্র একটি গৃহ নির্মাণ করে বেসরকারি স্কুল প্রতিষ্ঠাকারীরা যাতে রেজিস্ট্রেশন না পায় সে ব্যাপারে সুস্পষ্ট বিধান রাখা হয়েছে। পরিবর্তিত সময়ের মধ্যে রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ স্কুলটি পরিদর্শন করবেন এবং আরোপিত শর্তপূরণ সাপেক্ষে অন্তর্বর্তী অনুমোদন দেবেন।